

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর স্মারক নম্বর ৭৯১ ও ৭৯২ তারিখ ১১ ডিসেম্বর ২০২২ মূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য বরুড়া উপজেলার ০২টি ইউনিয়ন (ভাউকসার, শাকপুর), লাকসাম উপজেলার ০৩টি ইউনিয়ন (বাকই দক্ষিণ, মুদাষ্ফরগঞ্জ (উত্তর), মুদাষ্ফরগঞ্জ (দক্ষিণ), লালমাই উপজেলার ০২টি ইউনিয়ন (বাকই উত্তর, পেরুল উত্তর), নাঙ্গলকোট উপজেলার ০৮টি ইউনিয়ন (রায়কোট (উত্তর), রায়কোট (দক্ষিণ), আদ্রা (উত্তর), আদ্রা (দক্ষিণ), জোহাডা (পশ্চিম), জোহাডা (পূর্ব), বটতলী, দৌলখাঁড়), দাউদকান্দি উপজেলা ০২টি ইউনিয়ন (ইলিয়টগঞ্জ (দঃ), দৌলতপুর) ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং মনোহরগঞ্জ উপজেলার কালম উত্তর ইউনিয়ন পরিষদের শূন্য পদের উপনির্বাচনের ভোটগ্রহণ উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ২৯ ডিসেম্বর ২০২২ তারিখ মধ্যরাত ১২.০০টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

১। ট্রাক ২। পিক আপ ৩। লঞ্চ ৪। ইঞ্জিন চালিত (ক্ষুদ্র নৌযান ব্যতীত) সকল ধরনের নৌযান ৫। স্পিড বোট

২। এছাড়া ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ৩০ ডিসেম্বর ২০২২ তারিখ মধ্যরাত ১২.০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, গ্যাস, বিদ্যুৎ, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। উল্লিখিত নিষেধাজ্ঞাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাঃ-

মোহাম্মদ শামীম আলম
জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা

ফোন ০২৩৪৪০০৩০১, ফ্যাক্স : ০২১-৬০৩০৩

E-mail : dccomilla@mopa.gov.bd

নম্বর : ০৫.২০.১৯০০.০১৫.১৮.০০২.২২- ২৩৫৬ (২০)

তারিখঃ ০৬ পৌষ ১৪২৯
২৮ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ সুপার, কুমিল্লা
২. অধিনায়ক, ১০ বিজিবি, কোটবাড়ী, কুমিল্লা
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(রাজস্ব), কুমিল্লা
৪. কোম্পানী কমান্ডার, র্যাব-১১, সিপিসি-২, শাকতলা, কুমিল্লা
৫. উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া/লাকসাম/লালমাই/নাঙ্গলকোট/দাউদকান্দি/মনোহরগঞ্জ, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. সিনিয়র জেলা তথ্য অফিসার, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।
৭. অফিসার ইন-চার্জ, বরুড়া/লাকসাম/লালমাই/নাঙ্গলকোট/দাউদকান্দি/মনোহরগঞ্জ, কুমিল্লা
৮. সহকারী পরিচালক, বিআরটিএ, কুমিল্লা
৯. সম্পাদক/প্রকাশক, পত্রিকা, কুমিল্লা। গণবিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ধারাবাহিকভাবে ৩টি সংখ্যার প্রথম পৃষ্ঠায় জনস্বার্থে বিনামূল্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

জেলা ম্যাজিস্ট্রেট

কুমিল্লা